



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

২০২৫ সালের অনার্স ২য় বর্ষ ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ: ০৭.০৭.২০২৬ খ্রি.

চট্টগ্রাম কলেজের অনার্স ২য় বর্ষের শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৯.০৬.২০২৬ খ্রি. তারিখের জাতীয়বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৪৬/২০২৫/১০৩৯২ নং স্মারকের প্রেক্ষিতে ২০২৫ সালের ২য় বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ০৫.০৭.২০২৬ থেকে আরম্ভ হয়েছে। এই প্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ems.nu.ac.bd হতে ফরম সংগ্রহ করে উপায়/বিকাশ/সোনালী ই-ওয়ালেট অ্যাপসের মাধ্যমে নিম্নবর্ণিত ফি আগামী ২১.০৭.২০২৬ খ্রি. থেকে ২৮.০৭.২০২৬ খ্রি. তারিখের মধ্যে বর্ণিত সময়সূচি অনুযায়ী ফরম পূরণের কাজ সম্পন্ন করতে পারবে।

ক্রমিক নং	কোর্সের নাম	ফি এর পরিমাণ	পূরণকৃত ফরম স্ব-স্ব বিভাগে শিক্ষার্থী কর্তৃক জমাদানের তারিখ	বিভাগ হতে আবেদন ফরম এন্ট্রি দিয়ে অফিসে ফি জমাদানের পিডিএফ (pdf) কপি এবং আবেদন ফরম ও বিবরণী জমাদানের তারিখ
০১	বাংলা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান ও অর্থনীতি	২৮০০.০০	২১.০৭.২০২৬ হতে ২৮.০৭.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)	২৯.০৭.২০২৬ খ্রি.
০২	ইংরেজি	২৫০০.০০		
০৩	পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান	৩৬০০.০০		
০৪	মনোবিজ্ঞান	৩২২৫.০০		
০৫	রসায়ন ও গণিত	৩৭৭৫.০০		
০৬	পরিসংখ্যান	৪০২৫.০০		
০৭	ভূগোল ও পরিবেশ	বিজ্ঞান-A	৩৩৭৫.০০	
		মানবিক-B	৩২২৫.০০	
০৮	এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়ে অকৃতকার্য হলে তারা আবেদন ফরমের উল্লিখিত ফি এর সাথে ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা যোগ হবে।			
০৯	অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে অন্যান্য ফি'র সাথে বিশেষ অন্তর্ভুক্তি ফি ৬০০/- টাকা বেশী প্রদান করতে হবে।			

শিক্ষার্থীদের করণীয়:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ems.nu.ac.bd/student-login এ গিয়ে পরীক্ষার্থীগণকে সচল মোবাইল নম্বর দিয়ে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড সঠিকভাবে নির্বাচন করে আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং নিম্নে উল্লিখিত নিয়ম অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফি জমা দিতে হবে।

* গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম সংগ্রহের পর কলেজের ফরম পূরণ সংক্রান্ত ওয়েবসাইটে <http://ctgcollege.eshiksabd.com> লিংকে গিয়ে ইউজার আইডি-ctgstudent পাসওয়ার্ড-ctgstudent লগইন করতে হবে। এ ক্ষেত্রে বিভাগের সেমিনার সহকারীর সহযোগিতা নেয়া যেতে পারে।

* **Improvement Form fill-up** অফশনে গিয়ে Search বক্সে ক্লাস রোল/রেজি: নম্বর দিয়ে ক্লিক করতে হবে। এবং যে পত্রে ফরম পূরণ করবে সে পত্র নিজে এন্ট্রি দেয়ার পর নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করে ফি পরিশোধ করবে।

* কোনো শিক্ষার্থী Conditional Promoted (C- Promoted) থাকলে তাকে উপরোক্ত নিয়ম অনুসরণ করতে হবে এবং **Yes** দিয়ে যে পত্রে ফরম পূরণ করবে সে পত্র নিজে এন্ট্রি দেয়ার পর নির্ধারিত ফি (৯ নম্বর ক্রমিক অনুসারে) এর অতিরিক্ত অন্তর্ভুক্তি ফি ১৫০০/- (একহাজার পাঁচশত) টাকা প্রদান করতে হবে।

* ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদেরকে ৫৫৫০/- (পাঁচ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে।

